18 APR 2016
2 6

দৈনিক ইত্তেফাক

# সাভারে স্কুল শিক্ষার্থীর আত্মহত্যার ঘটনায় দুই শিক্ষক আটক

■ ইত্তেফাক রিপোর্ট

সাভারের বনপুকুরে চাইল্ড হ্যাভেন স্কুলের দশম শ্রেণীর শিক্ষার্থী স্বর্ণালী আক্তারের আত্মহত্যার ঘটনায় থানায় অপমৃত্যুর মামলা দায়েরের পরে ওই স্কুলের দুই শিক্ষককে আটক করেছে পুলিশ। গতকাল রবিবার দুপুরে তাঁদেরকে সাভারের সোবাহানবাগ এলাকা থেকে আটক করা হয়। আটককৃতরা হলেন চাইল্ড হ্যাভেন স্কুলের শিক্ষক আসাদুজ্জামান শাকিল (৩০) ও সাবু রায়হান (৩১)। এদিকে এ ঘটনার মূলহোতা স্কুলের অধ্যক্ষ কাবুল মিয়াকে আটক করতে পারেনি পুলিশ। ঘটনার পর থেকে অভিযুক্ত স্কুলের অধ্যক্ষ স্কুলে তালা ঝুলিয়ে গা ঢাকা দিয়েছে।

পুলিশ জনান, গত শনিবার রাতে নিহত স্কুলছাত্রী স্বর্ণালীর মা তারা বেগম সাভার মডেল থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করলে গতকাল রবিবার দুপুরে সাভারের সোবাহানবাগ এলাকায় একটি বাড়িতে অভিযান চালিয়ে তাদেরকে আটক করে পুলিশ।